

# স্থগিত ২৪ জুলাইয়ের এইচএসসি ও সমমানের পরীক্ষাও

সংবাদ অনলাইন রিপোর্ট

: মঙ্গলবার, ২২ জুলাই ২০২৫



রাজধানীর উত্তরায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে যুদ্ধবিমান বিধ্বস্ত হয়ে হতাহতের ঘটনার পর ২৪ জুলাই (বৃহস্পতিবার) অনুষ্ঠেয় এইচএসসি ও সমমানের পরীক্ষাও স্থগিত করেছে অন্তর্বর্তী সরকার।

মঙ্গলবার (২২ জুলাই) প্রধান উপদেষ্টার কার্যালয়ের এক কর্মকর্তা বিষয়টি নিশ্চিত করেছেন।

পরীক্ষার রুটিন অনুযায়ী, ২৪ জুলাই অর্থনীতি প্রথম পত্র এবং প্রকৌশল অঙ্কন ও ওয়ার্কশপ প্র্যাকটিস প্রথম পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। তবে স্থগিত হওয়ায় নতুন তারিখ পরে জানানো হবে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।

এর আগে আজ মঙ্গলবারও (২২ জুলাই) এইচএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত করা হয়। আজ রসায়ন দ্বিতীয় পত্র, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দ্বিতীয় পত্র, ইতিহাস দ্বিতীয় পত্র, গৃহ ব্যবস্থাপনা ও পারিবারিক জীবন

দ্বিতীয় পত্র এবং উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন দ্বিতীয় পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।

মর্মান্তিক এ দুর্ঘটনার পর মঙ্গলবার এক দিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা করেছে অন্তর্বর্তী সরকার।

উল্লেখ্য, গতকাল সোমবার দুপুর ১টার কিছু পর বাংলাদেশ বিমানবাহিনীর একটি প্রশিক্ষণ যুদ্ধবিমান উত্তরার মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের একটি ভবনে বিধ্বস্ত হয়। আইএসপিআরের তথ্য অনুযায়ী, এ ঘটনায় এখন পর্যন্ত অন্তত ৩১ জন নিহত এবং দেড় শতাধিক আহত হয়েছেন।